কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.৪৩৮

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৯ / ২২ জুন ২০২২

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** চলতি রোপা আমন/২০২১-২২ মৌসুমে বন্যার সম্ভাব্য ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে আগাম প্রস্তুতি হিসেবে অধিক ক্ষতিগ্রস্ত সিলেট অঞ্চলের ৪টি জেলায় (সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভিবাজার) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে রোপা আমন ধানের নাবী জাতের বীজ ও সার সরবরাহের জন্য ৩৪৩৫৮৯.০০ টাকা (তিন লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত উননব্বই) ছাড়করণ ও অগ্রীম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।

মহোদয়,

চলতি রোপা আমন/২০২১-২২ মৌসুমে বন্যার সম্ভাব্য ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে আগাম প্রস্তুতি হিসেবে বন্যায় অধিক ক্ষতিগ্রস্ত সিলেট অঞ্চলের ৪টি জেলায় (সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভিবাজার) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের জন্য ২০২১-২২ অর্থ বছরের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে পুন:উপযোজনের পর এ খাতের অন্তর্ভুক্ত '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ২৫২৩১.০০ লক্ষ (দুইশত বায়ান্ন কোটি একত্রিশ লক্ষ) টাকা হতে অবশিষ্ট ১.৬৭৯৩৯ লক্ষ (এক লক্ষ সাতষট্টি হাজার নয়শত উনচল্লিশ) টাকা, '৩২৫১১০৫-সার' উপখাতে বরাদ্দকৃত ৯১৩৩.৫২৪লক্ষ (একানব্বই কোটি তেত্রিশ লক্ষ বায়ান্ন হাজার চারশত) টাকা হতে ১.৩৬৯০০ লক্ষ (এক লক্ষ ছত্রিশ হাজার নয়শত) টাকা এবং '৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৫৬৩৫.৪৭৬০লক্ষ (ছাপান্ন কোটি পঁয়ত্রিশ লক্ষ সাতচল্লিশ হাজার ছয়শত) টাকা হতে ০.৩৮৭৫ লক্ষ (আটত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট ৩.৪৩৫৮৯ লক্ষ (তিন লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত উননব্বই টাকা) টাকা মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুকূলে ০৩ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে এতদ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। চলতি রোপা আমন/২০২১-২২ মৌসুমে বন্যার সম্ভাব্য ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে আগাম প্রস্তুতি হিসেবে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে রোপা আমন ধানের নাবী জাতের বীজের পুনর্বাসন সরবরাহের জন্য কর্মসূচির বিবরণ:

ক) বীজতলা ৯০০ শতক
খ) বীজের পরিমাণ ৩০৫৪ কেজি
গ) কৃষক সংখ্যা ৬১১ জন

| উপকরণ | পরিমাণ (কেজি) | একক মূল্য | মোট টাকায় |
|---|---|---|---|
| '৩২৫১১০৫-সার' | | | |
| এমওপি | ৫০৯০ | ১৩.০০ | ৬৬১৭২.০০ |
| ডিএপি | ৫০৫২ | ১৪.০০ | ৭০৭২৮.০০ |
| | | মোট | ১৩৬৯০০.০০ |
| '৩২৫১১০৯- বীজ ও চারা' | ৫ | ৫৪.৯৯ | ১৬৭৯৩৯.০০ |
| '৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান' | | ১২.৬৯ | ৩৮৭৫০.০০ |
| | | মোট টাকা | ৩৪৩৫৮৯.০০ |

০৩। **শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2008 (সংশোধনীসহ) অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন এবং উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;

৩. সকল প্রকার ব্যয় ও সমন্বয় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না;

৪. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর অফিসে সংরক্ষিত থাকবে;

চলমান পাতা-২

৫. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না।

৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য কৃষি মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করবেন।

আপনার বিশ্বস্ত,

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.৪৩৮

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৯ / ২২ জুন ২০২২

আদেশের ০৩ (তিন) কপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.৪৩৮

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৯ / ২২ জুন ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন)/মহাপরিচালক (বীজ), অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়।
৭. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সিলেট অঞ্চল)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১১. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভিবাজার)
১৩. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৪. সহকারী পরিচালক (অর্থ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা ।
১৫. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**

২২/৬/২০২২

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব